দৈনিক সংবাদ
17 MAY 1989
4 . 6.

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
021

## প্রসঙ্গ ঃ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদনপত্র

ইতিপূর্বে পত্রিকান্তরে জানতে পারলাম যে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ স্নাতক শ্রেণীর ভর্তির জন্য আবেদনপত্র দেয়া হবে। যা কিনা ১লা জুন হতে কেবলমাত্র কৃষি বিশ্ববিদ্যালয় ডীন পরিষদের আহ্বায়কের অফিস হতে ৫০ টাকার বিনিময়ে পাওয়া যাবে। বাংলাদেশে উচ্চতর কৃষি শিক্ষার একমাত্র প্রতিষ্ঠান এটিই। তাই বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল হতে এখানে বিপুল পরিমাণ পরীক্ষার্থী সমবেত হয়। আমাদের মত মধ্যবিত্ত পরিবার হতে ময়মনসিংহ গিয়ে আবেদন সংগ্রহ করে জমা দিয়ে তারপর দ্বিতীয় দফায় ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করা একটা বোঝা মাত্র। আমি বলতে চাচ্ছি ভর্তির আবেদনপত্র যদি ঢাকার বিভিন্ন ব্যাংকের শাখায় (যেমন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বেলায় হয়েছে) এবং বাংলাদেশের প্রধান জেলা শহরের বিভিন্ন ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়--তবে আমার মত অনেকেরই যাতায়াত খরচ বাঁচবে। বিশেষ করে দূরাঞ্চলের ছাত্রদের বিশেষ সুবিধা হবে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

বিপ্লব কুমার রায়,
রেলওয়ে ষ্টেশন কলোনী,
নারায়ণগঞ্জ-১৪০০।